



Anandabazar » [calcutta](#) » Man committed suicide at Behala, locals claim vi...

লকডাউনে কাজ হারিয়ে অবসাদ? হাতের শিরা কেটে আত্মহত্যা বেহালায়



বাড়ি থেকে উদ্ধার গৌতম চক্রবর্তীর দেহ। নিজস্ব চিত্র।

নিজস্ব সংবাদদাতা

কলকাতা

২১ জুন, ২০২০, ২০:০৩:৪৪

শেষ আপডেট: ২১ জুন, ২০২০, ২০:১৪:৪৬

Advertisement

শাভ্যে কয়লা

২০২০

১৪৪০

বিস্তারিত

Powered By Punipora

Ad

হাতের শিরা কেটে আত্মহত্যা করলেন এক ব্যক্তি। ঘটনাটি ঘটেছে বেহালার সতেন রায় রোডে ১১ পল্লীতে। স্থানীয় বাসিন্দাদের দাবি, লকডাউনে কাজ হারিয়ে অর্থকষ্টে ভুগছিলেন ওই ব্যক্তি। সেই অবসাদ থেকেই আত্মহত্যা করেছেন। পুলিশ জানিয়েছে, মানসিক অবসাদ থেকেই আত্মহত্যা। তবে কাজ হারানোর জন্য কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

বাড়িতে একাই থাকতেন ৪৬ বছরের গৌতম চক্রবর্তী। একটি বেসরকারি সংস্থায় নিরাপত্তারক্ষীর কাজ করতেন বলে জানিয়েছেন প্রতিবেশীরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, পাড়ার বাসিন্দাদের কাছ থেকে খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। ভেতর থেকে বন্ধ দরজা ভেঙে উদ্ধার করা হয় গৌতমবাবুর দেহ। রক্তাক্ত অবস্থায় মেঝেতে উপুড় হয়ে পড়েছিলেন তিনি। পরনে জিনসের প্যান্ট।

প্রতিবেশীরা পুলিশকে জানিয়েছেন, গৌতমবাবু অবিবাহিত। বাবা-মা আগেই মারা গিয়েছেন। এক দাদা থাকতেন তাঁর সঙ্গে। তিনিও সম্প্রতি মারা গিয়েছেন। বাড়িতে একাই থাকতেন গৌতমবাবু। প্রতিবেশীদের দাবি, লকডাউনের সময়ে কাজ হারান তিনি। ফলে অর্থকষ্টে ভুগছিলেন তিনি। স্থানীয় ক্লাবের সহযোগিতায় দিন চলছিল তাঁর। সেখান থেকেই অবসাদ।

আরও পড়ুন: ভারতের ১০০ বনাম চিনের ৩৫০ সেনা! গলওয়ানে সে দিন ৩ ঘণ্টা চলেছিল সংঘর্ষ

পুলিশ সূত্রে খবর, স্থানীয় বাসিন্দারা শনিবার গভীর রাতে গোঙানির আওয়াজ পান গৌতমবাবুর ঘর থেকে। সকালে তাঁরা ডাকাডাকি করেন কিন্তু কেউ সাড়া দেননি। এর পরই তাঁরা একটি জানলার ফাঁক দিয়ে দেখতে পান মেঝেতে উপুড় হয়ে পড়ে রয়েছেন গৌতম। তারপরই পুলিশকে খবর দেওয়া হয়।

আরও পড়ুন: সীমান্তে চিনের উপর নজরদারি বাড়ল, দরকারে বলপ্রয়োগের পূর্ণ স্বাধীনতা দেওয়া হল তিন বাহিনীকে

Tags

Man

Sucide

Behala

শেয়ার করুন



Ad

মাধ্যমিক ২০২০

ফলাফল জানতে এখানে ক্লিক করুন

সব খবর প্রতি সকালে আপনার ইনবক্সে

Advertisement

আরও খবর



করোনা আতঙ্ক?
সকাল থেকে...



ফুটপাত থেকে উদ্ধার
হওয়া বৃদ্ধের মৃত্যু



পুকুরে প্রৌঢ়ের হাত-
পা বাঁধা দেহ, চাঞ্চল্য



সাত দিন ধরে মর্গে
পড়ে বৃদ্ধের দেহ

এবিপি এডুকেশন



Calcutta University announces admission schedule for undergraduates
2020-21

শেয়ার করুন
৯১৯৮৪০
বিশ্ব ষ্টো
Powered By Punjipost
Ad



Calcutta University declares B.Com third semester results; here's how to check



HRD Ministry to form committee for students to "Stay in India, Study in India"



Hackers steal data from universities in UK, US, Canada

বাছাই খবর



টেকেনি প্রথম বিয়ে, বিবাহবিচ্ছিন্না বন্ধুর সঙ্গেই বর্তমানে সুখের সংসার অরিজিতের



ব্লকবাস্টার ডেবিউ, জাতীয় পুরস্কার... তাও কেন হারিয়ে গেলেন 'তুম বিন'-এর পিয়া?



শিক্ষকতা থেকে ঠেলাগাড়িতে ছোলে-কুলচা বিক্রি, গুরুগ্রামের উর্বশী এখন কোটি কোটি টাকার মালিক!



পিএইচডি করা সজ্জি বিক্রেতার ইংরাজিতে প্রতিবাদ ভাইরাল



এক নয়, দুই বলি তারকার সংসার ভাঙার পিছনে অর্জুন-সুজান প্রেম?

সবাই যা পড়ছেন

আরও পড়ুন

শেয়ার করুন

২,১৯,৪৪০
বিশ্ব রত্ন

Powered By Nujipora

Ad

Company

[About Us](#)

[Advertise](#)

[Privacy](#)

[Terms of Use](#)

[Contact Us](#)

[Site Map](#)

[Community Guidelines](#)

Websites

[The Telegraph](#)

[ABP Education](#)

[Subscribe to Newsletter](#)

আপনার ইমেইল আইডি **GO**

© 2020 ABP Pvt. Ltd.

